

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৪৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই কারণে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই কথা বলেছেন, তার বর্ণনা

ذَكَرُ السَّبَبِ الَّذِي مِنْ أَجْلِهِ قَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هَذَا الْقَوْلَ

আরবী

2145 - أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا الْقَعْنَبِيُّ عَنْ مَالِكٍ عَنِ الْعَلَاءِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِيهِ وَإِسْحَاقَ أَبِي عَبْدِ اللَّهِ: أَنَّهُمَا أَخْبَرَاهُ أَنَّهُمَا سَمِعَا أَبَا هُرَيْرَةَ يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِذَا تُوبَ بِالصَّلَاةِ فَلَا تَأْتُوهَا وَأَنْتُمْ تَسْعَوْنَ وَانْتُوهَا وَعَلَيْكُمْ السَّكِينَةُ فَمَا أَدْرَكْتُمْ فَصَلُّوا وَمَا فَاتَكُمْ فَأَتَمُّوا فَإِنَّ أَحَدَكُمْ فِي صَلَاةٍ مَا كَانَ يَعْمَدُ إِلَى الصَّلَاةِ).

الراوي : أبو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2145 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (580).

قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: قَالَ اللَّهُ - جَلَّ وَعَلَا -: {إِذَا نُودِيَ لِلصَّلَاةِ مِنْ يَوْمِ الْجُمُعَةِ فَاسْعَوْا إِلَى ذِكْرِ اللَّهِ} [الجمعة: 9] وَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (فَلَا تَأْتُوهَا وَأَنْتُمْ تَسْعَوْنَ)

فَالسَّعْيُ الَّذِي أَمَرَ اللَّهُ جَلَّ وَعَلَا بِهِ هُوَ الْمَشْيُ إِلَى الصَّلَاةِ عَلَى هَيْئَةِ الْإِنْسَانِ وَالسَّعْيُ الَّذِي نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْهُ هُوَ الْإِسْتِعْجَالُ فِي الْمَشْيِ لِأَنَّ الْمَرْءَ تَكْتَبُ لَهُ بِكُلِّ خُطْوَةٍ يَخْطُوهَا إِلَى الصَّلَاةِ حَسَنَةٌ فَذَلِكَ مَا وَصَفْتُ - يَعْنِي فِي تَرْجَمَةِ نَوْعِ هَذَا الْحَدِيثِ - عَلَى أَنَّ الْعَرَبَ تُوَقَّعُ فِي لُغَتِهَا الْإِسْمَ الْوَاحِدَ عَلَى الشَّيْئَيْنِ الْمُخْتَلِفِي الْمَعْنَى فَيَكُونُ أَحَدُهُمَا مَأْمُورًا بِهِ وَالْآخَرُ مَزْجُورًا عَنْهُ.

إِسْحَاقُ أَبُو عَبْدِ اللَّهِ - مَوْلَى زَائِدَةَ - مِنَ التَّابِعِينَ قَالَهُ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ.

বাংলা

২১৪৫. আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যখন সালাতের ইকামত দেওয়া হয়, তখন সালাতে দৌড়িয়ে আসবে না বরং তোমরা ধীরস্থিরতা বজায় রেখে আসবে। অতঃপর সালাতের যা পাবে, তা আদায় করবে, আর যা ছুটে যাবে, তা (ইমামের সালামের পর) সম্পন্ন করবে। কেননা তোমাদের কেউ সালাতের জন্য মাসজিদে গমন অবস্থায় থাকলে, সে সালাতের মধ্যেই থাকে।”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাল্লাহু বলেন, “মহান আল্লাহ বলেন, “যখন জুমু‘আর দিন সালাতের জন্য আহ্বান করা হয়, তখন তোমর আল্লাহর যিকরের দিকে দ্রুত অগ্রসর হও।—সূরা জুমু‘আহ: ৯)।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “তোমরা সালাতে দৌড়িয়ে দৌড়িয়ে আসবে না।”

মহান আল্লাহ যে দ্রুত অগ্রসর হওয়ার নির্দেশ দিয়েছেন এর দ্বারা উদ্দেশ্য সালাতের জন্য মানুষের স্বাভাবিক হেঁটে যাওয়া। আর হাদীসে যে দ্রুত গমন করা নিষেধ করা হয়েছে, সেটা হলো দ্রুতগতিতে হাঁটা। কেননা একজন মানুষ আদায় করার জন্য যে পদক্ষেপ ফেলে তার প্রতিটি পদক্ষেপে তার জন্য একটি সাওয়াব লেখা হয়। এজন্য আমি এই জাতীয় হাদীসের শিরনামে আমি বর্ণনা করেছি যে, আরবরা তাদের ভাষায় একই শব্দকে ভিন্ন ভিন্ন অর্থে ব্যবহার করে থাকে, যার একটি আদিষ্ট হয়, আরেকটি নিষিদ্ধ হয়।”

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাল্লাহু বলেন, “ইসহাক আবু আব্দুল্লাহ যায়িদার আজাদকৃত দাস। তিনি তাবে‘ঈর অন্তর্ভুক্ত।”

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/৬৮-৬৯; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/১২২; মুসনাদ আহমাদ: ২/২৩৭; আবু আওয়ানা: ১/৪১৩; বাগাবী, শারহু সুন্নাহ: ৪৪২; সুনান বাইহাকী: ২/২৯৮; সহীহ মুসলিম: ৬০২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহু মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাল্লাহু হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৫৮০)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=91463>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন